গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
প্রশাসন শাখা
www.doict.gov.bd

**নম্বর:** ৫৬.০৪.০০০০.০০০.০০৮.৩২.০০০২.২১.৬২৬

তারিখ: ২৪ শ্রাবণ ১৪৩৩ বঙ্গাব্দ
০৮ আগস্ট ২০২৬ খ্রিস্টাব্দ

## শোকবার্তা

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের জেলা কার্যালয়, মানিকগঞ্জে কর্মরত কম্পিউটার অপারেটর জনাব মোঃ নজরুল ইসলাম লিভার সিরোসিসে আক্রান্ত হয়ে ঢাকার লালমাটিয়াস্থ বাংলাদেশ ক্রিটিক্যাল কেয়ার অ্যান্ড হসপিটাল লিমিটেড-এ চিকিৎসাধীন অবস্থায় গত ০৪ আগস্ট ২০২৬ খ্রি. রাত ১০:২৫ মিনিটে ইন্তেকাল করেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। মৃত্যুকালে তাঁর বয়স ছিল ৩৮ বছর। তিনি মা, স্ত্রী, ২ (দুই) জন সন্তানসহ অসংখ্য আত্মীয়-স্বজন, সহকর্মী ও শুভানুধ্যায়ী রেখে গেছেন।

জনসেবায় নিয়োজিত একজন নিষ্ঠাবান সরকারি কর্মচারী হিসেবে মরহুম মোঃ নজরুল ইসলাম তাঁর দায়িত্ব পালনে আন্তরিকতা, সততা, কর্মনিষ্ঠা, শ্রম, মেধা ও পেশাদারিত্বের যে দৃষ্টান্ত স্থাপন করেছেন, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর কৃতজ্ঞতার সঙ্গে তা স্মরণ করছে। তাঁর অকাল মৃত্যুতে আইসিটি অধিদপ্তর পরিবার একজন দায়িত্বশীল, নিবেদিতপ্রাণ ও অভিজ্ঞ সহকর্মীকে হারিয়েছে, যার শূন্যতা সহজে পূরণ হওয়ার নয়।

কর্মজীবনে তাঁর অবদান তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর গভীর শ্রদ্ধাভরে স্মরণ করছে এবং তাঁর বিদেহী আত্মার মাগফিরাত কামনা করছে। একই সঙ্গে শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি গভীর সমবেদনা ও আন্তরিক সহমর্মিতা প্রকাশ করছে।

মহান আল্লাহ তা'আলা মরহুমকে জান্নাতবাসী করুন এবং শোকসন্তপ্ত পরিবারকে এ অপূরণীয় ক্ষতি সহ্য করার শক্তি ও ধৈর্য দান করুন। আমিন।

০৮-০৮-২০২৬
মোঃ মাহবুব আলম
পরিচালক
ফোন : +৮৮০ ২৫৫ ০০৬৯২৩
ইমেইল : director.admin@doict.gov.bd

**নম্বর:** ৫৬.০৪.০০০০.০০০.০০৮.৩২.০০০২.২১.৬২৬/১ (৯)

তারিখ: ২৪ শ্রাবণ ১৪৩৩ বঙ্গাব্দ
০৮ আগস্ট ২০২৬ খ্রিস্টাব্দ

**অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, জেলা প্রশাসকের কার্যালয়, মানিকগঞ্জ।
২। সচিবের একান্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব ), সচিবের দপ্তর, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৩। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, সেগুনবাগিচা, ঢাকা।
৪। প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জেলা কার্যালয়, ..............................(সকল)।

৫। ওয়েবসাইট এ্যাডমিনিস্ট্রেটর, সিস্টেম ও প্রশিক্ষণ, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ সহ)।

৬। জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, মানিকগঞ্জ।

৭। সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, উপজেলা কার্যালয়, ..............................(সকল)।

৮। জনাব, ................................................।

৯। ব্যক্তিগত সহকারী, মহাপরিচালকের কার্যালয়, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগ তির জন্য)।



০৮-০৮-২০২৬
মোঃ মাহবুব আলম
পরিচালক